দৈনিক জনকণ্ঠ

JUN. 28 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৬ কলাম ... ... 6...

# ঢাবির রেজিস্টার্ড গ্রাজুয়েটদের নাম তালিকাভুক্তি শুরু ॥ চলতি বছর প্রতিনিধি নির্বাচন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ চলতি বছরের শেষের দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটের ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচন অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে রেজিস্টার্ড গ্রাজুয়েটদের নাম তালিকাভুক্তির প্রক্রিয়া শুরু হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৭৩ সালের অধ্যাদেশের ২০(১) ধারা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের সিনেটের ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচন করা হয়ে থাকে। গত সিনেটের ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি কয়েক মাস আগে আদালতে বাতিল হয়ে যাওয়ায় পদগুলো শূন্য হয়ে পড়ে। এই অবস্থায় বর্তমান কর্তৃপক্ষ ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনের সিদ্ধান্ত নেয়। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের এক সহকারী রেজিস্ট্রার বলেন, এ বছরের শেষের দিকে নির্বাচন হতে পারে। এদিকে ইতোমধ্যে রেজিস্টার্ড গ্রাজুয়েটদের নাম তালিকাভুক্ত করা হচ্ছে। ১৯৭৩ সালের অধ্যাদেশের ৪৬ ধারার (১), (২) ও (৫) উপধারা অনুযায়ী যাঁদের নাম আজীবন রেজিস্টার্ড হিসাবে তালিকাভুক্তি এবং আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে যারা আজীবন রেজিস্টার্ড গ্রাজুয়েট অথবা একত্রে তিন শিক্ষাবর্ষের জন্য নাম তালিকাভুক্ত হবেন, কেবল তাঁরাই নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন। ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষের রেজিস্ট্রার্ডদের মেয়াদ ২০০০ সালের ৩০ জুন শেষ হয়ে গেছে। নতুন রেজিস্ট্রেশন ছাড়া তাঁরা নির্বাচনে অংশ নিতে পারবেন না। রেজিস্ট্রেশন করতে আগ্রহী রেজিস্টার্ড গ্রাজুয়েটদের আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে নাম তালিকাভুক্ত করতে হবে। একত্রে তিন শিক্ষাবর্ষের জন্য রেজিস্টার্ড গ্রাজুয়েটের নাম তালিকাভুক্তি ফী ধরা হয়েছে ৩শ' টাকা। অপরদিকে আজীবন গ্র্যাজুয়েটদের ফী এক হাজার টাকা। আগ্রহীদের নির্ধারিত ফরমে ফী সহ জনতা ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখা (টিএসসি) "ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্টার্ড গ্রাজুয়েট" খাতে নগদ জমা দিতে হবে। আবেদনপত্র জনতা ব্যাংক টিএসসি শাখা এবং প্রশাসনিক ভবনের ২০৭ নং কক্ষে পাওয়া যায়। আবেদনপত্রের সঙ্গে ডিগ্রী সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি এবং দুই কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি দিতে হবে। আজীবন রেজিস্টার্ডদের জন্য বাড়তি ২ কপি স্ট্যাম্প সাইজের ছবি দিতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের যে সকল গ্র্যাজুয়েটের ফল তিন বছর অর্থাৎ ১৯৯৯ সালের ৩০ জুন বা তার পূর্বে প্রকাশিত হয়নি তারা রেজিস্টার্ড গ্রাজুয়েট হিসাবে তালিকাভুক্ত হতে পারবেন না। আজীবন রেজিস্টার্ডদের ১৯৯৯ সালের রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনের ভোটার তালিকার ক্রমিক নম্বরসহ ১ কপি পাসপোর্ট সাইজ ও দুই কপি স্ট্যাম্প সাইজের ছবিসহ প্রশাসনিক ভবনের ২০৭ নং কক্ষে আবেদন করতে হবে। তাদের আগামী ৩১ জুলাইয়ের মধ্যে আবেদন করতে বলা হয়েছে।